

## ফতওয়া নং ৩৩৭

### প্রশ্ন:

রমজান মাসে সেহরি সময় শেষ তারপরই আযান দেওয়া যাবে কি? যদি রমজান মাসে সেহরির সময় শেষ তারপরেই আজান দিয়ে দেয় তাহলে কি সে আজান শুদ্ধ হবে?

### উত্তর:

সাহারীর সময় শেষ হতেই ফজরের সময় আরম্ভ হয়ে যায়। তবে, প্রচলিত পঞ্জিকাতে লিখিত সাহারীর শেষ সময় সতর্কতামূলক কিছুটা আগে থাকার সম্ভাবনায় ও পঞ্জিকার টাইম কিছুটা অনুমান ভিত্তিক হওয়ার কারণে সাহারীর লিখিত শেষ সময়ের কিছু পরে আজান দেওয়ার মধ্যে সতর্কতা রয়েছে। পাছে আযান ওয়াক্তের আগে হয়ে না পড়ে।

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী  
ফতওয়া বিভাগ, জামিয়া নু'মানিয়া।  
২৬ রমাযান, ১৪৪৫ হিজরী (05/04/2024)